গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা- ১২১২
www.dgme.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৬.১৩৫৭

তারিখ: ০৩/০২/২০২৬ খ্রি.

**২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে বেসরকারি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস কোর্স এবং বেসরকারি ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে বিডিএস কোর্সে দেশি শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি**

**বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত '২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা' অনুযায়ী বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে এমবিবিএস/বিডিএস কোর্সে দেশি শিক্ষার্থীদের অনলাইনে আবেদন আহ্বান করা হচ্ছে:**

১. ভর্তিচ্ছু শিক্ষার্থীদের টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মাধ্যমে অনলাইনে (http://dgme.teletalk.com.bd) আবেদন করতে হবে। ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীরা অনলাইন আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহন করতে পারবেন।

২. অনলাইনে আবেদন পুরণ করার সময় বিস্তারিত নির্দেশাবলি www.dgme.gov.bd ও www.dghs.gov.bd ভালোভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। অনলাইন আবেদন ফি ২০০/- (দুইশত) টাকা কেবল টেলিটক বাংলাদেশ লিমিটেড এর প্রি-পেইড মোবাইল সিম এর মাধ্যমে জমা দিতে হবে।

৩. **অনলাইন আবেদন** কার্যক্রম:

- অনলাইন আবেদনের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ : ০৩/০২/২০২৬ খ্রি.
- অনলাইন আবেদন শুরুর তারিখ : ০৫/০২/২০২৬ খ্রি.
- অনলাইন আবেদনের শেষ তারিখ : ০১/০৩/২০২৬ খ্রি.

৪. আবেদনের ফি জমাদানের শেষ তারিখ : ০২/০৩/২০২৬ খ্রি.

৫. বেসরকারি মেডিকেল কলেজসমূহের নাম ও কলেজ ভিত্তিক আসন সংখ্যা এবং বেসরকারি ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহের নাম ও কলেজ/ইউনিট ভিত্তিক আসন সংখ্যা যথাক্রমে সারণি ৪.১; সারণি ৪.২ ও সারণি ৪.৩ এ বর্ণিত আছে:

**সারণি** ৪.১ (বেসরকারি মেডিকেল কলেজসমূহের নাম ও কলেজ ভিত্তিক আসন সংখ্যা)

| Sl. No | Code No | College Name | Male/Female | Total Seat | Estd. |
|---|---|---|---|---|---|
| 1. | 101 | Bangladesh Medical College, Dhanmondi, Dhaka | Male+Female | 120 | 1985 |
| 2. | 102 | Gonoshasthaya Samaj Vittic Medical College, Savar, Dhaka | Male+Female | 50 | 1989 |
| 3. | 103 | Institute of Applied Health Sciences,,Chattogram | Male+Female | 80 | 1990 |
| 4. | 104 | Jahurul Islam Medical College, Kishoreganj | Male+Female | 100 | 1992 |
| 5. | 105 | Medical College for Women, Uttara, Dhaka. | **Female** | 95 | 1992 |
| 6. | 106 | Z.H Sikder Womens Medical College, Dhaka | **Female** | 100 | 1992 |
| 7. | 107 | Community Based Medical College, Mymenshing. | Male+Female | 140 | 1995 |
| 8. | 108 | Dhaka National Medical College, Dhaka. | Male+Female | 130 | 1995 |
| 9. | 109 | Jalalabad Ragib Rabeya Medical College, Sylhet. | Male+Female | 130 | 1996 |
| 10. | 110 | North East Medical College, Sylhet | Male+Female | 125 | 1998 |
| 11. | 111 * A | Shaheed Monsur Ali Medical College, Dhaka. | Male+Female | 140 | 1998 |
| 12. | 112 | East West Medical College, Dhaka | Male+Female | 127 | 2000 |
| 13. | 113 | Holy Family Red Cresent Medical College, Dhaka | Male+Female | 145 | 2000 |
| 14. | 114 | International Medical College,Tongi, Gazipur. | Male+Female | 130 | 2000 |
| 15. | 115 | North Bengal Medical College, Sirajganj | Male+Female | 85 | 2000 |
| 16. | 116 | Kumudini Womens Medical College,Tangail. | **Female** | 120 | 2001 |
| 17. | 117 | Tairunnessa Medical College, Gazipur | Male+Female | 105 | 2001 |
| 18. | 118 | BGC Trust Medical College, Chattogram. | Male+Female | 100 | 2002 |
| 19. | 119 | Ibrahim Medical College,Dhaka | Male+Female | 120 | 2002 |
| 20. | 120 | Enam Medical College,Savar, Dhaka | Male+Female | 155 | 2003 |
| 21. | 121* A | Shahabuddin Medical College, Gulshan, Dhaka. | Male+Female | 90 | 2003 |
| 22. | 122 | Islami Bank Medical College, Rajshahi | Male+Female | 85 | 2004 |
| 23. | 123 | Central Medical College, Cumilla | Male+Female | 80 | 2005 |

| Sl. No | Code No | College Name | Male/Female | Total Seat | Estd. |
|---|---|---|---|---|---|
| 24. | 124 | Eastern Medical College,Cumilla | Male+Female | 115 | 2005 |
| 25. | 125 | IBN Sina Medical College, Dhaka. | Male+Female | 60 | 2005 |
| 26. | 126 | Khawja Younus Ali Medical College, Sirajganj | Male+Female | 105 | 2005 |
| 27. | 127 | Chattogram Ma O Shishu Hospital Medical College. | Male+Female | 115 | 2006 |
| 28. | 128 | Southern Medical College, Chattogram | Male+Female | 65 | 2006 |
| 29. | 129 | Sylhet Women Medical College, Sylhet | **Female** | 100 | 2006 |
| 30. | 130 | Uttara Adhunik Medical College,Dhaka | Male+Female | 90 | 2007 |
| 31. | 131 | Ad-din Women`s Medical college, Dhaka. | **Female** | 100 | 2008 |
| 32. | 132 | Anwer Khan Modern Medical College, Dhaka. | Male+Female | 147 | 2008 |
| 33. | 133 | Delta Medical college, Dhaka. | Male+Female | 75 | 2008 |
| 34. | 134 | Dhaka Community Medical College,Dhaka | Male+Female | 100 | 2008 |
| 35. | 135 | TMSS Medical college, Bogura. | Male+Female | 150 | 2008 |
| 36. | 136 | Prime Medical College, Rangpur | Male+Female | 135 | 2008 |
| 37. | 137 | Rangpur Community Hospital Medical College, Rangpur | Male+Female | 135 | 2008 |
| 38. | **138 *A** | Diabetic Association Medical College, Faridpur | Male+Female | 90 | 2010 |
| 39. | 139 | Green Life Medical College, Dhanmondi, Dhaka | Male+Female | 120 | 2010 |
| 40. | 140 | Popular Medical College, Dhanmondi, Dhaka. | Male+Female | 105 | 2010 |
| 41. | **141 *A** | Dhaka Central International Medical College,Dhaka | Male+Female | 90 | 2011 |
| 42. | **142 *A** | Dr Sirajul Islam Medical College, Dhaka | Male+Female | 100 | 2011 |
| 43. | 143 | Marks Medical College, Dhaka | Male+Female | 50 | 2011 |
| 44. | **144 *A** | MH Shamarita Medical College, Dhaka | Male+Female | 115 | 2011 |
| 45. | 145 | Monno Medical College, Manikgonj | Male+Female | 85 | 2011 |
| 46. | 146 | Ad din Sakina Women Medical College, Jashore | **Female** | 75 | 2012 |
| 47. | 147 | Barind Medical College,Rajshahi | Male+Female | 105 | 2012 |
| 48. | 148 | City Medical College,Gazipur | Male+Female | 50 | 2012 |
| 49. | 149 | Gazi Medical College,Khulna | Male+Female | 100 | 2012 |
| 50. | 150 | Moinamoti Medical College, Cumilla | Male+Female | 100 | 2012 |
| 51. | 151 | Ad din Momin Medical College, Keraniganj, Dhaka | Male+Female | 50 | 2013 |
| 52. | 152 | Ashiyan Medical College, Dhaka | Male+Female | 50 | 2013 |
| 53. | **153 **B** | Bikrampur Bhuiyan's Medical College, Srinagar, Munshiganj | Male+Female | 57 | 2014 |
| 54. | 154 | Brahmanbaria Medical College, Brahmanbaria | Male+Female | 60 | 2014 |
| 55. | 155 | Marine City Medical College, Chattogram | Male+Female | 65 | 2014 |
| 56. | 156 | Parkview Medical College, Sylhet | Male+Female | 82 | 2014 |
| 57. | 157 | President Abdul Hamid Medical College, Kisoreganj | Male+Female | 50 | 2014 |
| 58. | **158***C** | Shah Makhdum Medical College, Boalia, Rajshahi | Male+Female | 50 | 2014 |
| 59. | 159 | Universal Medical College, Dhaka | Male+Female | 60 | 2014 |
| 60. | 160 | Ad din Akij Medical College, Khulna | Male+Female | 60 | 2015 |
| 61. | 161 | Chattogram International Medical College. | Male+Female | 80 | 2015 |
| 62. | **162 **B** | Monowara sikder Medical College, Vedergonj, Shariytpur. | Male+Female | 50 | 2015 |
| 63. | 163 | US Bangla Medical College,Narayangonj | Male+Female | 60 | 2015 |
| 64. | 164 | Khulna City Medical College, Khulna | Male+Female | 55 | 2016 |
| 65. | 165 | United Medical College, Gulshan, Dhaka | Male+Female | 50 | 2019 |
| 66. | 166 | South Apollo Medical College, Barishal | Male+Female | 50 | 2021 |
| 67. | 167 | Ahsania Mission Medical College, Dhaka | Male+Female | 50 | 2022 |
| 68. | 168 | Fazlur Rahman (Asgar Ali) Medical College, Dhaka. | Male+Female | 50 | 2023 |
| 69. | 169 | Barister Rafiq-ul-Haq Medical College, Zurain, Dhaka | Male+Female | 50 | 2025 |

- সরকারের সিদ্ধান্ত অনুযায়ী উপরের তালিকার (*A) চিহ্নিত মেডিকেল কলেজসমূহে ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে আসন সংখ্যা হ্রাস করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের বিষয়ে মহামান্য হাইকোর্ট ডিভিশনের স্থগিতাদেশের পরিপ্রেক্ষিতে (*A) চিহ্নিত মেডিকেল কলেজসমূহের আসন সংখ্যা পূর্ববর্তী শিক্ষাবর্ষের ন্যায় উল্লেখ করা হলো।
- সরকারের সিদ্ধান্ত অনুযায়ী উপরের তালিকার (*B) চিহ্নিত মেডিকেল কলেজসমূহে ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের বিষয়ে মহামান্য হাইকোর্ট ডিভিশনের স্থগিতাদেশের পরিপ্রেক্ষিতে দুই তারকা (*B) চিহ্নিত মেডিকেল কলেজসমূহের নাম তালিকায় অন্তর্ভুক্ত করা হলো।
- সরকারের সিদ্ধান্ত অনুযায়ী উপরের তালিকার (*C) চিহ্নিত বেসরকারি শাহ মাখদুম মেডিকেল কলেজ, রাজশাহীতে ২০২০-২০২১ খ্রি. শিক্ষাবর্ষ হতে এমবিবিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম বন্ধ ছিল এবং ভর্তিরত শিক্ষার্থীদের অন্যত্র মাইগ্রেশন করা হয়েছিল। মহামান্য হাইকোর্ট ডিভিশনের ১৮/০১/২০২৬ খ্রি. তারিখের আদেশ (রীট পিটিশন নং ৯৫১৮/২০২০) এর পরিপ্রক্ষিতে (*C) চিহ্নিত উক্ত মেডিকেল কলেজের নাম তালিকায় অন্তর্ভুক্ত করা হলো।

বিশেষ দ্রষ্টব্য ঃ আবেদনকারীর অনুকূলে মেডিকেল কলেজ বরাদ্দ চূড়ান্তকরণের সময়ে মহামান্য আদালতের যেরূপ আদেশ বলবৎ থাকবে সেরুপ আসন সংখ্যা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

**সারণি ৪.২(বেসরকারি ডেন্টাল কলেজসমূহের নাম ও কলেজ ভিত্তিক আসন সংখ্যা)**

| Sl. No | Code No | College Name | Male/Female | Total Seat | Estd. |
|---|---|---|---|---|---|
| 1. | 301 | Pioneer Dental College, Ka-40/1, Lichu Bagan Road, Loar Sahara, Baridhara, Dhaka. | Male+Female | 90 | 1995 |
| 2. | 302 | City Dental College, Plot-73/A, Airport Road, Nikunja-2, Khilkhet, Dhaka. | Male+Female | 75 | 1996 |
| 3. | 303 | Bangladesh Dental College, House-33, Road-14/A (New), Dhanmondi, Dhaka. | Male+Female | 70 | 1997 |
| 4. | 304 | University Dental College, 120/A, Siddeshwari Outer Circular Road, Century Arcade, Mogbazar, Dhaka. | Male+Female | 100 | 1999 |
| 5. | 305 | Sapporo Dental College, Uttara, Plot-24, Court Bari Road, Sector-08, Abdullahpur, Uttara Model Town, Dhaka | Male+Female | 90 | 2000 |
| 6. | 306 | Rangpur Community Dental College, Medical East gate, Rangpur | Male+Female | 100 | 2001 |
| 7. | 307 | Chattogram International Dental College, Haji Chand Meah Road, Shamserpara, Chattogram. | Male+Female | 70 | 2005 |
| 8. | 308 | Update Dental College, Dhour, Nishat Nagar, Turag, Dhaka | Male+Female | 90 | 2008 |
| 9. | 309 | Udayan Dental College, House-140, Ward-9, Ghoramara, Boalia, Rajshahi | Male+Female | 50 | 2009 |
| 10. | 310 | Mandi Dental College, 295/jha/14 Sikder Real Estate, West Dhanmondi, Dhaka. | Male+Female | 65 | 2010 |
| 11. | 311 | Saphena Women's Dental College, 111, DIT Road, Malibagh, Dhaka. | **Female** | 95 | 2010 |
| 12. | 312 | Sylhet Central Dental College, Shahjalal Uposhohar, Sylhet | Male+Female | 40 | 2015 |

**সারণি ৪.৩ (বেসরকারি মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহের নাম ও ইউনিট ভিত্তিক আসন সংখ্যা)**

| Sl. No | Code No | College Name | Male/Female | Total Seat | Estd. |
|---|---|---|---|---|---|
| 1. | 351 | Marks Medical College Dental Unit, Mirpur-14, Dhaka. | Male+Female | 50 | 2008 |
| 2. | 352 | MH Shamarita Medical College Dental Unit, 117 Tejgaon, Love Road, Dhaka. | Male+Female | 55 | 2010 |
| 3. | 353 | Kumudini Women's Medical College Dental Unit, Mirzapur, Tangail | **Female** | 40 | 2010 |
| 4. | 354 | Dhaka Community Medical College Dental Unit, Boro Mogbazar, Dhaka. | Male+Female | 30 | 2012 |
| 5. | 355 | Holy Family Red Crescent Medical College Dental Unit, Dhaka. | Male+Female | 30 | 2012 |
| 6. | 356 | TMSS Medical College Dental Unit, Rangpur, Tanagamara, Bogura. | Male+Female | 50 | 2012 |
| 7. | 357 | Islami Bank Medical College Dental Unit, Airport Road, Nawdapara, Rajshahi. | Male+Female | 20 | 2013 |

| Sl. No | Code No | College Name | Male/Female | Total Seat | Estd. |
|---|---|---|---|---|---|
| 8. | 358 | Dhaka National Medical College Dental Unit. 53/1, Johnson Road. Dhaka. | Male+Female | 20 | 2014 |
| 9. | 359 | North East Medical College Dental Unit. South Surma. Sylhet. | Male+Female | 25 | 2014 |
| 10. | 360 | Ganoshastho Samaj Vittik Medical College Dental Unit, Savar, Mirjanagor, Dhaka. | Male+Female | 30 | 2015 |
| 11. | 361 | Ibrahim Medical College Dental Unit, Shahbag, Dhaka. | Male+Female | 35 | 2015 |
| 12. | 362 | Khwaja Yunus Medical College Dental Unit. Enayetpur, Sirajganj | Male+Female | 20 | 2016 |
| 13. | 363 | Chattogram Ma O Shishu Hospital Medical College Dental Unit. Chattogram | Male+Female | 20 | 2024 |

৬. সংরক্ষিত আসন: **বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহে ৫% আসন মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। মেধাবী অসচ্ছল কোটায় আবেদনকারীগণ পরবর্তীতে কোনোভাবেই স্ব-অর্থায়নে ভর্তির জন্য বিবেচিত হবে না।** এছাড়া বিদেশী শিক্ষার্থী ভর্তির যোগ্য **বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহ মোট আসনের সর্বোচ্চ ৪৫% বিদেশী শিক্ষার্থী ভর্তি করতে পারবে।**

৭. অনলাইন আবেদন পূরণের নিয়মাবলী:

অনলাইনে আবেদনপত্র দাখিল করার পূর্বে নির্দেশাবলি ভালোভাবে পড়ে, বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। ভর্তি ফরম পূরণের যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে। ০১ (এক) জন প্রার্থী কেবল একবারই আবেদন করতে পারবে। অনলাইন আবেদনে প্রার্থীকে যে কোনো একটি Application Type সিলেক্ট করতে হবে। আবেদন ফি জমাদানের পর Application Type পরিবর্তন করা যাবেনা। তবে আবেদনকারী প্রয়োজনে ০২ (দুই) বার তার মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের পছন্দক্রম পরিবর্তন করতে পারবে। এ ক্ষেত্রে কলেজ পছন্দক্রম পরিবর্তনের জন্য অনলাইন আবেদনের হোম পেইজের Choice Reorder অপশন রয়েছে।

৮. অনলাইন আবেদন দাখিল পদ্ধতি:

৭.১ আবেদনকারী যে কোনো ইন্টারনেট ব্রাউজার থেকে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবপোর্টাল (**http://dgme.teletalk.com.bd**) এ লগ ইন করবেন। লগ ইন করার পর MBBS & BDS Admission (Non-Govt.) সিলেক্ট করার পর বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষের অনলাইন আবেদন ফরম (Online Application Form) দেখা যাবে উক্ত পৃষ্ঠায় উপরের অংশে অনলাইন আবেদনের বিজ্ঞপ্তি, বিস্তারিত নির্দেশনা (Instructions & Information for MBBS & BDS Non-Govt. Admission 2025-26) এবং নিচের অংশে অনলাইন আবেদন ফরম (Online Application Form) রয়েছে। অনলাইন ফরম পূরনের পূর্বে বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ ভর্তির বিজ্ঞপ্তি ও বিস্তারিত নির্দেশনা ক্লিক করে যথাযথভাবে পড়ে নিতে হবে পড়া শেষ হলে আগের পৃষ্ঠায় ফেরত আসতে হবে।

- অনলাইন আবেদনের শুরুতে Application Type উল্লেখ রয়েছে। Application Type তিনটি নিম্নরুপ:
  - Both MBBS & BDS: যারা বেসরকারি পর্যায়ে এমবিবিএস ও বিডিএস উভয় কোর্সের জন্য আবেদন করবেন
  - Only MBBS: যারা বেসরকারি পর্যায়ে কেবল এমবিবিএস কোর্সের জন্য আবেদন করবেন
  - Only BDS: যারা বেসরকারি পর্যায়ে কেবল বিডিএস কোর্সের জন্য আবেদন করবেন
- Application Type তিনটি অপশনের মধ্যে যেকোনো একটি অপশন ক্লিক করতে হবে। Application Type অনুসারে বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ/ইউনিটের পছন্দক্রম নির্ধারণ করা যাবে। Both MBBS & BDS অপশন ক্লিক করলে প্রার্থীগণ বেসরকারি পর্যায়ে এমবিবিএস ও বিডিএস উভয় কোর্সের জন্য বিবেচিত হবেন। Only MBBS অপশন ক্লিক করলে প্রার্থীগণ বেসরকারি পর্যায়ে কেবল এমবিবিএস কোর্সের জন্য বিবেচিত হবেন। Only BDS অপশন ক্লিক করলে প্রার্থীগণ বেসরকারি পর্যায়ে কেবল বিডিএস কোর্সের জন্য বিবেচিত হবেন। এখানে উল্লেখ্য যে, আবেদন ফি জমা প্রদানের পর অর্থাৎ চূড়ান্তভাবে অনলাইন আবেদন দাখিলের পর Application Type এর অপশন পরিবর্তন করা যাবে না। তবে আবেদন ফি জমা প্রদানের পর সর্বোচ্চ ০২ (দুই) বার কলেজসমূহের পছন্দক্রম পরিবর্তন করা যাবে।

৭.২ এরপর আবেদনকারী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষার জন্য যে USER ID ও Password ব্যবহার করেছেন তার মাধ্যমে লগইন করবেন। অনলাইন আবেদন করার সময় প্রার্থীরা ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষের এমবিবিএস এবং বিডিএস ভর্তি পরীক্ষায় আবেদন করার জন্য যে প্রমাণপত্র ব্যবহার করেছেন তা সিস্টেম দ্বারা স্বয়ংক্রিয়ভাবে যাচিত হবে এবং প্রার্থী তার সাধারণ তথ্যাবলীসহ ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষের এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষার ফল দেখতে পাবেন।

৭.৩ এরপর প্রার্থীকে Choice Option পূরণ করতে হবে। অনলাইনে ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদন দাখিলের সময় আবেদনকারীকে বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহের পছন্দক্রম উল্লেখ করতে হবে। বাম পাশের কলেজের লিস্ট থেকে পছন্দের কলেজকে হাইলাইট করে Add বাটন ক্লিক করলে সেটা ডানদিকে চলে যাবে। এভাবে এক এক করে নিজের পছন্দের ক্রমানুসারে সকল কলেজকে ডানদিকে নিতে হবে। ডান পাশের লিস্ট হবে পছন্দক্রম।

প্রার্থী ওয়েব লিংক এ প্রদর্শিত মেডিকেল কলেজে/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ হতে তার পছন্দক্রম উল্লেখ করে আবেদন করবে। ভর্তিচ্ছু বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহের নাম প্রার্থীর পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেয়া যেতে পারে। মেডিকেল কলেজের কোড গুলো ১০১ থেকে ১৬৯ (সারণি-8.১ দ্রষ্টব্য) এবং ডেন্টাল কলেজের

কোডসমূহ ৩০১ থেকে ৩১২(সারণি-৪.২ দ্রষ্টব্য)/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহের কোড গুলো ৩৫১ থেকে ৩৬৩ (সারণী-৪.৩ দ্রষ্টব্য) জানা থাকতে হবে। অনলাইনে ভর্তি পরীক্ষার আবেদন দাখিলের সময় প্রার্থীর সকল বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহের পছন্দক্রম উল্লেখ করা বাধ্যতামূলক।

৭.৪ এরপর প্রার্থীকে Select Status অপশন পূরণ করতে হবে। স্ব-অর্থায়নে পড়তে ইচ্ছুক প্রার্থীকে General (Self Finance) শিক্ষার্থীকে অপশন পূরণ করতে হবে এবং মেধাবী ও অসচ্ছল কোটায় আবেদন ইচ্ছুক প্রার্থীকে Poor Merit Quota অপশন সিলেক্ট করতে হবে। উল্লিখিত দুটি অপশনের মধ্যে যেকোনো একটি বেছে নিতে হবে,

☐ General (Self Finance)- নিজ অর্থায়নে ভর্তিচ্ছু ☐ Poor Merit Quota- মেধাবী এবং অস্বচ্ছল কোটায় ভর্তিচ্ছু। একটি পছন্দক্রম উল্লেখ করলে স্বংয়ক্রিয়ভাবে অন্য পছন্দক্রম তার জন্য নিস্ক্রিয় হয়ে যাবে। **বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত '২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা' অনুযায়ী মেধাবী অসচ্ছল কোটায় আবেদনকারীগণ পরবর্তীতে কোনোভাবেই স্ব-অর্থায়ণে ভর্তির জন্য বিবেচিত হবে না।** যদি কোন প্রার্থী মেধাবী ও অস্বচ্ছল কোটায় আবেদনে ইচ্ছুক হন তবে অনলাইন আবেদন ফরমে প্রার্থীর পিতা ও মাতার যৌথ (প্রযোজ্য ক্ষেত্রে বৈধ অভিভাবকের) বাৎসরিক আয়, স্থাবর সম্পত্তির টাকায় মূল্যমান নির্ধারিত ট্যাব ও এতদ্বসংক্রান্ত অন্যান্য তথ্য ড্রপ ডাউন বক্স হতে সিলেক্ট করতে হবে।

মেধাবী-অস্বচ্ছল কোটায় আবেদনের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক নির্ধারিত 'অস্বচ্ছলতা' প্রমাণের শর্তসমূহ অনুযায়ী আবেদন দাখিল করতে হবে। মেধাবী-অস্বচ্ছল কোটায় ভর্তিচ্ছুদের অস্বচ্ছলতার দালিলিক প্রমাণ মিথ্যা বা ভুল প্রমাণিত হলে আবেদন বাতিল হবে। মেধাবী-অসচ্ছল কোটায় আবেদনকারীদের কোটার যোগ্যতার দালিলিক প্রমাণপত্র কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক যোগ্য শিক্ষার্থীদের তালিকা কেন্দ্রীয়ভাবে প্রকাশ করা হবে এবং বিএমএন্ডডিসি এর নীতিমালা অনুযায়ী বর্ণিত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে।

৭.৫ এরপর Next Option ক্লিক করলে প্রার্থীর Application Preview দেখা যাবে। এখানে উল্লেখ্য যে, উল্লিখিত পৃষ্ঠায় কলেজ পছন্দক্রম কোড আকারে দেখা যাবে এবং প্রার্থীর আবেদনের Status দেখা যাবে।

৭.৬ সঠিকভাবে আবেদনপত্র পূরণ হলে এরপর প্রার্থীকে Declaration এর Check Box ক্লিক করে Save and Submit অপশন ক্লিক করতে হবে।

৭.৭ এরপর প্রার্থী Validation Code সঠিকভাবে পূরণ করবেন। প্রিভিউ অপসনে প্রার্থী কর্তৃক পূরণকৃত অনলাইন আবেদন দেখা যাবে প্রার্থীকে Applicant Copy এর PDF version ডাউনলোড করতে হবে। ডাউনলোডকৃত Applicant Copy তে অনলাইন আবেদন ফি জমাদানের নির্দেশনা রয়েছে এবং User ID থাকায় এই User ID ব্যবহার করে আবেদন ফি নির্দেশনা অনুযায়ী টেলিটক প্রিপেইড মোবাইল সিমের মাধ্যমে জমা দিতে হবে। আবেদন ফি জমা প্রদানের পর অনলাইন আবেদন চূড়ান্তভাবে গৃহীত হবে।

৮. <u>আবেদনের ফি জমা প্রদান:</u>

বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ ভর্তির জন্য অনলাইন ফি ২০০ (দুইশত) টাকা আবেদন দাখিলের সময় টেলিটক প্রি-পেইড নম্বর হতে প্রদান করতে হবে।

**<u>অনলাইন আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি :</u>**

টেলিটকের প্রি-পেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে MBBSBDSNG লিখে, স্পেস দিয়ে User ID লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে:

উদাহরণ: MBBSBDSNG <Space>FRLGCT টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID। ফিরতি SMS -এ একটি PIN, প্রার্থীর নাম এবং আবেদন ফি হিসেবে ২০০/- (দুইশত) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে।

সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

Message অপশনে গিয়ে MBBBDSSNG লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে।

উদাহরণ: MBBSBDSNG <Space>YES<Space> 456789 টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে 456789 হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের প্রি-পেইড মোবাইল থেকে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS - এ আবেদন নিশ্চিত করা হবে।

**০৯. <u>দাখিলকৃত অনলাইন আবেদনে কলেজ পছন্দক্রম পরিবর্তন:</u>**

আবেদনকারী প্রার্থী কর্তৃক আবেদন ফি জমা দানের পর Application Type পরিবর্তন করা যাবেনা। তবে আবেদনকারী প্রয়োজনে ০২ (দুই) বার তার মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের পছন্দক্রম পরিবর্তন করতে পারবে। কলেজ পছন্দক্রম পরিবর্তনের জন্য অনলাইন আবেদনের হোম পেইজে Choice Reorder অপশন রয়েছে। এখানে ক্লিক করে প্রার্থীর তার ইউজার আইডি (User ID) ও পাসওয়ার্ড (Password) দিয়ে লগ ইন করবেন। লগ ইন করার পর প্রার্থীর পূর্বের অনলাইনে দাখিলকৃত মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটের পছন্দক্রমের তথ্যসমূহ দেখতে পাবে। এরপর প্রার্থী পূর্বের ন্যায় বাম পাশের কলেজের লিস্ট থেকে পছন্দের কলেজকে হাইলাইট করে Add বাটন ক্লিক করলে সেটা ডানদিকে চলে যাবে। এভাবে এক এক করে নিজের পছন্দের ক্রমানুসারে সকল কলেজগুলোকে ডানদিকে নিতে হবে। ডান পাশের লিস্ট হবে পছন্দক্রম। উল্লিখিত ওয়েব পেইজের নিচের অংশে

I like to update the College Choice অপশন ক্লিক করলে নতুন পছন্দক্রম অনলাইন আবেদনে সংযোজিত হবে। এখানে উল্লেখ্য যে, প্রার্থীর ইউজার আইডি (User ID) ও পাসওয়ার্ড (Password) গোপনীয় ও ব্যক্তিগত বিষয় যা অন্য কারোর কাছে প্রকাশ করা সমীচিন নয়।

অন্য কারোর কাছে প্রকাশ করার কারনে কলেজ পছন্দক্রম বা আবেদনের তথ্য পরিবর্তিত হলে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর দায়- দায়িত্ব বহন করবে না।

১০. প্রার্থী নির্বাচন:

প্রার্থীর অনলাইন আবেদন মেধা ও পছন্দক্রম অনুযায়ী স্বয়ংক্রিয় সফটওয়্যার এর মাধ্যমে আবেদনকারী প্রার্থীর জন্য যোগ্য মেডিকেল কলেজে/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ নির্ধারিত হবে। আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ নির্ধারণ ও চূড়ান্তকরণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে।

১১. প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থী কর্তৃক মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিট নিশ্চায়নঃ

১১.১ প্রার্থী যে মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটে ভর্তির সুযোগ প্রাপ্ত হবেন তা এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। নির্ধারিত সময়ের মধ্যে (সর্বোচ্চ ০৩ দিন) নির্বাচিত প্রার্থীকে টেলিটক প্রি-পেইড নম্বর হতে ১০০ (একশত) টাকা প্রদান করে নিশ্চিত করতে হবে তিনি যে কলেজের জন্য নির্বাচিত হয়েছেন সেই কলেজে এবং পরবর্তিতে মাইগ্রেশনের সময় তার অধিকতর পছন্দের কলেজের জন্য নির্বাচিত হলে সেই কলেজে ভর্তি হতে সম্মত আছেন। যদি তিনি তার বরাদ্দকৃত আসনটি নিশ্চিত না করেন, তাহলে বরাদ্দকৃত আসনটি খালি বলে ধরে নেয়া হবে এবং ভর্তি নিশ্চায়ন না করায় তাকে পরবর্তীতে বেসরকারি অন্য কোনো মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটে ভর্তির জন্য বিবেচনা করা হবে না।

প্রথম নিশ্চায়নের ফি জমা প্রদানের পদ্ধতি:

টেলিটকের প্রি-পেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে MBBSBDSNG লিখে, স্পেস দিয়ে User ID লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে: উদাহরণ: MBBSBDSNG <Space>FRLGCT টাইপ করে Send করুন 16222 নম্বরে এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID। ফিরতি SMS -এ একটি PIN, প্রার্থীর নাম এবং প্রার্থীর নিশ্চায়ন ফি হিসেবে ১০০/- (একশত) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে 16222 নম্বরে SMS পাঠাতে হবে: Message অপশনে গিয়ে MBBSBDSNG লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে।

উদাহরণ: MBBSBDSNG <Space>YES<Space> 456789 টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে 456789 হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের প্রি-পেইড মোবাইল থেকে নিশ্চায়ন ফি বাবদ ১০০ - (একশত) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS - এ আবেদন নিশ্চিত করা হবে।

১১.২ নিশ্চায়নের জন্য নির্ধারিত তারিখ শেষে শূন্য থাকা আসনসমূহে (যদি থাকে) ২য় পর্যায়ের বরাদ্দের কার্যক্রম শুরু হবে। ২য় পর্যায়ের বরাদ্দের জন্য নতুন কোন আবেদন করার প্রয়োজন নেই, বরং প্রথমবার আবেদনকৃত প্রার্থীদের মধ্য থেকেই স্বয়ংক্রিয় পদ্ধতিতে ২য় পর্যায়ের বরাদ্দ সম্পন্ন করা হবে। এক্ষেত্রে, শূন্য আসনসমূহে শুরুতে প্রথমবারে বরাদ্দকৃত আবেদনকারীদের মধ্য থেকে মাইগ্রেশনের মাধ্যমে ও পরবর্তীতে শূন্য আসন পুরনের জন্য অপেক্ষমান তালিকা হতে আবেদনকারীদেরকে নতুনভাবে নির্বাচন করা হবে। দুটি ক্ষেত্রেই বরাদ্দের প্রক্রিয়া সম্পূর্ণভাবে মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে সম্পন্ন করা হবে। ২য় বারে অপেক্ষমান তালিকা হতে নির্বাচিত প্রার্থীকে সর্বোচ্চ ০৩ (তিন) দিনের মধ্যে টেলিটকের ওয়েবসাইটের মাধ্যমে ১০০ (একশত) টাকা প্রদান করে নিশ্চায়ন করতে হবে যে তিনি যে কলেজের জন্য নির্বাচিত হয়েছেন, সেখানে ভর্তি হতে সম্মত আছেন।

দ্বিতীয় নিশ্চায়নের ফি জমা প্রদানের পদ্ধতি:

টেলিটকের প্রি-পেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে MBBBDSSNG লিখে, স্পেস দিয়ে User ID লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে: উদাহরণ: MBBSBDSNG <Space>FRLGCT টাইপ করে Send করুন 16222 নম্বরে এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID। ফিরতি SMS -এ একটি PIN, প্রার্থীর নাম এবং প্রার্থীর নিশ্চায়ন ফি হিসেবে ১০০ - (একশত)) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে 16222 নম্বরে SMS পাঠাতে হবে: Message অপশনে গিয়ে MBBSBDSNG লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে

উদাহরণ: MBBSBDSNG <Space>YES<Space> 456789 টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে 456789 হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের প্রি-পেইড মোবাইল থেকে নিশ্চায়ন ফি বাবদ ১০০ - (একশত) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS - এ আবেদন নিশ্চিত করা হবে।

১২. মেডিকেল কলেজ/ ডেন্টাল কলেজ/ইউনিট ভিত্তিক তালিকা প্রকাশঃ

১ম ও ২য় পর্যায়ের নিশ্চায়ন শেষে ভর্তি হতে সম্মত প্রার্থীদের (১ম ও ২য় বারে) কলেজ/ইউনিট ভিত্তিক তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১৩. শিক্ষার্থী ভর্তিঃ

কলেজ ভিত্তিক নির্বাচিত ভর্তিচ্ছু প্রার্থীকে আবেদনপত্রে যে সকল তথ্য ও সনদপত্র উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই দাখিল করতে হবে। ওয়েবসাইটে কলেজ/ ইউনিট ভিত্তিক তালিকা প্রকাশের পর মনোনয়ন প্রাপ্ত নিশ্চায়নকারী ভর্তিচ্ছু প্রার্থী সরকার নির্ধারিত ভর্তি ফি প্রদান করে নির্বাচিত কলেজে ভর্তি হতে পারবে। এক্ষেত্রে ভর্তির সময় প্রাথমিকভাবে ০১ (এক) লক্ষ টাকা প্রদান করে ভর্তি হবেন। সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অবশিষ্ট অর্থ পরবর্তী সময়ে কলেজে জমা প্রদান করবেন। ভর্তির সময় সংশ্লিষ্ট বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল ডেন্টাল কলেজ/ইউনিটসমূহের অধ্যক্ষ কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড নির্বাচিত শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করবেন এবং স্থানীয় ভর্তি কমিটি প্রয়োজনীয় কাগজপত্রাদি যাচাই বাছাই করে যোগ্য শিক্ষার্থীদের ভর্তির সুপারিশ করবেন।

নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময় প্রদেয় প্রমানকসমূহ:

আবেদনপত্রে যে সমস্ত তথ্য ও সনদপত্রের উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই প্রদান করতে হবে। যেমন:

- ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষের এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও রেজাল্ট এর কপি।

- এসএসসি/'ও' লেভেল/সমমান ও এইচএসসি/'এ' লেভেল বা সমমান পরীক্ষার মুলসনদ/প্রযোজ্য ক্ষেত্রে একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
- এসএসসি/'ও' লেভেল/সমমান ও এইচএসসি/'এ' লেভেল বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/প্রশংসাপত্র।
- স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্বের সনদ।
- জন্ম নিবন্ধন সনদের কপি।
- প্রার্থীর ০৪ (চার) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
- মেধাবী ও অস্বচ্ছল কোটায় নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে প্রয়োজনীয় প্রমাণকসমূহ

১৪. ঐচ্ছিক মাইগ্রেশনঃ

বেসরকারি মেডিকেল কলেজ/ ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিটে ভর্তির পর ঐচ্ছিক মাইগ্রেশনে ইচ্ছুক শিক্ষার্থীগণ টেলিটক বাংলাদেশ লি. এর ওয়েব পোর্টালের মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবেন। উল্লিখিত প্রক্রিয়ায় কোন শিক্ষার্থী অন্য কোন কোনো বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ আসন বরাদ্দ প্রাপ্ত হলে কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থী কর্তৃক দাখিল যোগ্য মুল সনদপত্রের সাথে উল্লিখিত ০১ (এক) লক্ষ টাকা মাইগ্রেশনকৃত কলেজে চেকের মাধ্যমে স্থানান্তর করবেন।

ঐচ্ছিক মাইগ্রেশন প্রক্রিয়া চূড়ান্ত হওয়ার পর কোনো শিক্ষার্থী ভর্তি বাতিল করলে তার অনুমোদন সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট কলেজের ব্যবস্থাপনায় ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে আর্থিক বিষয়াদির দায়-দায়িত্ব স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর বহন করবে না।

১৫. সরকারি মেডিকেল কলেজে সুযোগ প্রাপ্ত শিক্ষার্থীগণ ভর্তির পর বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ ভর্তির জন্য আবেদন করতে পারবে। এ ক্ষেত্রে প্রাথমিক নিশ্চায়নের শেষ তারিখের মধ্যে শিক্ষার্থীকে সংশ্লিষ্ট সরকারি মেডিকেল কলেজের অধ্যক্ষ্যের অনুমোদনক্রমে ভর্তি বাতিল করে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরকে অবহিত করতে হবে।

১৬. ভর্তির যোগ্য বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ মোট আসনের সর্বোচ্চ ৪৫% বিদেশি ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকবে। বিদেশি শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক ওয়েবসাইটে প্রকাশিত Eligible list এ সংশ্লিষ্ট শিক্ষার্থীর নাম অন্তর্ভূক্ত থাকতে হবে। বিদেশি ছাত্র/ছাত্রী পাওয়া না গেলে দেশি ছাত্র/ছাত্রী দ্বারা এ আসনসমূহ পূরণ করা যাবে যা কেন্দ্রীয়ভাবে একই প্রক্রিয়ায় নির্ধারণ করা হবে।

১৭. ভর্তির পর সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ দেশি ও বিদেশি প্রত্যেক ছাত্র/ছাত্রীর এসএসসি/'ও' লেভেল/সমমান ও এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষার পর সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের মাধ্যমে যাচাই করবেন। বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কেবল স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করবেন।

১৮. বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে এমবিবিএস এবং বিডিএস কোর্সের বিভিন্ন প্রকার ফি বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে এমবিবিএস এবং বিডিএস কোর্সে ভর্তির জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রযোজ্য হবে। কোনো অবস্থাতেই সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত আদায় করা যাবে না। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের চিকিৎসা শিক্ষা-১ শাখার ০৬.১১.২০২৪ খ্রি. তারিখের ৬৪৯ নং স্মারক প্রযোজ্য হবে।

১৯. অটোমাইগ্রেশন ও ঐচ্ছিক মাইগ্রেশন সম্পন্নপূর্বক চূড়ান্তভাবে ভর্তি সম্পন্নের পর কোনো শিক্ষার্থীকে ইন্টার্নশীপ শেষ না হওয়া পর্যন্ত কোনোভাবেই ভর্তিকৃত মেডিকেল কলেজ/ডেন্টাল ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ হইতে অন্য মেডিকেল কলেজ/ডেন্টাল ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে এ বদলি হওয়া বা করা যাবে না।

২০. এমবিবিএস এবং বিডিএস কোর্সের শিক্ষার্থীদেরকে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) অনুমোদিত কারিকুলাম অনুযাযী শিক্ষা কার্যক্রম সম্পাদন করতে হবে। কোর্স শেষে স্ব স্ব মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহের হাসপাতালে বিএমএন্ডডিসি নির্ধারিত লগবুক অনুযায়ী এক বছর ইন্টার্নশীপ সম্পন্ন করা সকলের জন্য বাধ্যতামূলক। কোনোক্রমেই অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টার্নশীপের জন্য মাইগ্রেশন করা যাবে না।

২১. নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির পর দেশের প্রচলিত আইন, বিএমএন্ডডিসি'র নীতিমালা ও সংশ্লিষ্ট মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের সিদ্ধান্তসমূহ মেনে চলতে হবে। শৃঙ্খলা পরিপন্থী অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট কলেজ/ইউনিট এর একাডেমিক কাউন্সিল/একাডেমিক কমিটির সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবে।

২২. শিক্ষা মন্ত্রণালয় প্রণীত "শিক্ষা প্রতিষ্ঠানে বুলিং ও র‍্যাগিং প্রতিরোধ সংক্রান্ত নীতিমালা-২০২৩" সকল মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট- এর শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য থাকবে।

২৩. বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে **বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত '২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা'** প্রযোজ্য হবে।

২৪. নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য (যা কলেজ নির্ধারনে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে, তার আবেদন /কলেজ নির্ধারন/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২৫. যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অধ্যাপক ডা. মো: মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ও সদস্য সচিব
২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস এবং বিডিএস ভর্তি কমিটি

ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৬.১৩৫৭ তারিখ: ০৩/০২/২০২৬ খ্রি.

০১. মাননীয় উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় বিশেষ সহকারী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৭. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৯. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১০. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
১১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন , শের-এ বাংলা নগর, ঢাকা।
১২. উপাচার্য, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএমইউ), শাহবাগ, ঢাকা
১৩. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৪. উপাচার্য, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
১৫. উপাচার্য, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
১৬. উপাচার্য, খুলনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা।
১৭. উপাচার্য, সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট।
১৮. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা।
১৯. উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
২০. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।
২১. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর।
২২. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৪. সভাপতি, উপদেষ্টা মন্ডলী, এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি (২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ)
২৫. আহবায়ক, ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষার ওভার সাইট কমিটি
২৬. সভাপতি, এমবিবিএস এবং বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২৫-২০২৬
২৭. সভাপতি, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
২৮. চেয়ারম্যান, বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রিডিটেশন কাউন্সিল, ঢাকা
২৯. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩০. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩১. অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩২. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৩. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
৩৪. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
৩৫. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অধি শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৬. উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব (চিকিৎসা শিক্ষা -১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৭. উপ-সচিব (চিকিৎসা শিক্ষা -২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৮. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এর ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
৩৯. অধ্যক্ষ.............................................................................বেসরকারী মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ (সকল)
৪০. রেজিষ্ট্রার, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
৪১. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন
৪২. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ বেসরকারি ডেন্টাল কলেজ এসোসিয়েশন
৪৩. অফিস কপি।

3/2/2026

অধ্যাপক ডা. মো: মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ও সদস্য সচিব
২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস এবং বিডিএস ভর্তি কমিটি
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com